

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জৈন্তাপুর, সিলেট
www.jaintapur.sylhet.gov.bd



স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৫৩.০০০.২৫.০০২.২১. ৫৪৬

তারিখ: ২৫ মে, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: উপজেলা পর্যায়ে জাতীয় তথ্য প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ নিশ্চিতসহ মুক্তপাঠের অনলাইন কোর্স সার্টিফিকেট প্রেরণ।

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই এর ০৯ মে, ২০২১ খ্রি: তারিখের ৫৬.৪২.০০০০.০১৩.৯৯.০০১.২১.২১ নম্বর স্মারক।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের ঘোষিত রূপকল্প-২০২১ তথ্য ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের মাধ্যমে সরকারের সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার অন্যতম মাধ্যম জাতীয় তথ্য বাতায়ন। তথ্য অধিকার আইন-২০০৯ এর যথাযথ বাস্তবায়ন এবং ঘরে বসে নাগরিক সেবা সম্পর্কে সামগ্রিক ধারণা লাভসহ সেবা গ্রহণের অন্যতম প্ল্যাটফর্ম পরিণত হয়েছে জাতীয় তথ্য বাতায়ন। ফলশ্রুতিতে কারিগরি দিক থেকে অধিক মানসম্পন্ন, গতিশীল, সুষ্ঠু ও যুগোপযোগী করে তোলাসহ E-Government Development Index-এ বাংলাদেশের অবস্থান উন্নয়নের জন্য ঠাঠ পর্যায়ের তথ্য বাতায়নগুলো বাংলার পাশাপাশি ইংরেজিতে রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়াও বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের জাতীয় তথ্য বাতায়ন দক্ষ করে তোলার জন্য জাতীয় তথ্য বাতায়ন প্রশিক্ষণ প্রদানের আবশ্যিকতা দেখায় দিয়েছে।

০২। জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক জৈন্তাপুর উপজেলা পর্যায়ে ন্যাশনাল পোর্টালকে হালানাগকরণ, ন্যাশনাল পোর্টাল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং সেবা প্রদানকে আরো সহজতর, জাতীয় তথ্য বাতায়ন ইংরেজিতে রূপান্তর উদ্যোগ গ্রহণের লক্ষ্যে আগামী ০৪ জুন, ২০২২ খ্রিস্টাব্দ উপজেলা পরিষদ মিলনায়তন, জৈন্তাপুর, সিলেট এ সকাল ০৮:৪০ হতে ০৪:৫০ মিনিট পর্যন্ত উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের সক্রিয় অংশগ্রহণে দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হবে।

০৩। উপজেলা পর্যায়ে ন্যাশনাল পোর্টাল বাস্তবায়ন বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণের পূর্বে অবশ্যিকভাবে মুক্তপাঠের <https://www.muktopaath.gov.bd/> সাইটে রেজিস্ট্রেশন করে অনলাইনে জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করে উক্ত সার্টিফিকেট কপি সংগ্রহ করতে হবে এবং কর্মশালায় অংশগ্রহণের পূর্বে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়াও কর্মশালায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তাদের আবশ্যিকভাবে ইন্টারনেট সংযোগসহ ল্যাপটপ নিয়ে উপস্থিত থাকতে হবে।

০৪। এমতাবস্থায় উপজেলা পর্যায়ে আগামী ০৪ জুন, ২০২২ খ্রিস্টাব্দ উপজেলা পরিষদ মিলনায়তন, জৈন্তাপুর, সিলেট এ আয়োজিত কর্মশালায় সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের আবশ্যিকভাবে অংশগ্রহণ নিশ্চিত এবং মুক্তপাঠের অনলাইন কোর্স সার্টিফিকেট কর্মশালা শুরুর পূর্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: অংশগ্রহণকারী কর্মকর্তাদের তালিকা ০১ (এক) ফর্দ।


২৫.০৫.২২

(আল-বশিরুল ইসলাম)

পরিচিতি নম্বর: ১৭৭৯৯

উপজেলা নির্বাহী অফিসার

জৈন্তাপুর, সিলেট

ফোন নম্বর: ০২৯৯৬৬৪৪৩৬৯ (অফিস)

ইমেইল: unojaintapur@mopa.gov.bd

বিতরণ:

.....
জৈন্তাপুর, সিলেট

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। জেলা প্রশাসক, সিলেট

০২। সহকারী প্রোগ্রামার, জৈন্তাপুর, সিলেট। (তিনি প্রশিক্ষণের কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন এবং প্রশিক্ষণ শুরুর পূর্বে সংশ্লিষ্ট সকল কর্মকর্তার মুক্তপাঠের অনলাইন কোর্স সার্টিফিকেট জমার বিষয়টি নিশ্চিত করবেন।)

০৩। অফিস কপি।